



সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।

মার্কেটিং এন্ড ডেভেলপমেন্ট ডিভিশন
(মার্কেটিং ডিপার্টমেন্ট)

প্রধান কার্যালয় পরিপত্র নং-৩৮৭
এমডিডি/এমডি/পরিপত্র নং-১৩৯

তারিখঃ ২৭ জুন, ২০১২

জেনারেল ম্যানেজার/ডেপুটি জেনারেল ম্যানেজার/
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ম্যানেজার
সকল জেনারেল ম্যানেজার'স অফিস
স্থানীয় কার্যালয়/প্রধান কার্যালয়ের সকল বিভাগ/
প্রিন্সিপাল অফিস/কর্পোরেট শাখা/আঞ্চলিক কার্যালয়/
স্টাফ কলেজ/ট্রেনিং ইনস্টিটিউট/সোনালী ইনভেস্টমেন্ট লিমিটেড/
সকল শাখা
সোনালী ব্যাংক লিমিটেড
বাংলাদেশ।

বিষয় : Special Notice Deposit (SND) হিসাব পরিচালনা প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে প্রধান কার্যালয় পরিপত্র নং-২৪ তারিখ ২২ জুন, ২০০৮, প্রধান কার্যালয় পরিপত্র নং-১৯৯ তারিখ ০৪ আগস্ট, ২০১০ এবং প্রধান কার্যালয় পরিপত্র নং-২০৮ তারিখ ০৫ সেপ্টেম্বর, ২০১০ মোতাবেক Special Notice Deposit (SND) হিসাব পরিচালনা অধিকতর গ্রাহক বান্ধব করার মাধ্যমে Low Cost Deposit বৃদ্ধির লক্ষ্যে অত্র ব্যাংকের প্রধান কার্যালয় পরিপত্র নং-২০৮ তারিখ ০৫ সেপ্টেম্বর, ২০১০ এর নির্দেশনা বাতিলপূর্বক এবং বাংলাদেশ ব্যাংকের বি আর পি ডি সার্কুলার লেটার নং-১৬, তারিখ ২১ ডিসেম্বর, ২০১০ মোতাবেক Special Notice Deposit (SND) হিসাব সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো :

(ক)	এসএনডি হিসাবে দৈনিক স্থিতিকে প্রডাক্ট ধরে মুনাফা দেয়া যাবে। নোটিশ ভিত্তিক এসএনডি হিসাবে যথাযথভাবে নোটিশ প্রদানে ব্যর্থ হলে অর্থ প্রদান করা যাবে, তবে এ ক্ষেত্রে উত্তোলিত অর্থের ৭(সাত) দিনের প্রডাক্ট বাদ দিয়ে অবশিষ্ট প্রডাক্ট এর উপর মুনাফা দিতে হবে।
(খ)	যে সব স্পেশাল নোটিশ ডিপোজিট (এসএনডি) হিসাব বিল কালেকশন, আইপিও কালেকশন এবং Escrow হিসাবরূপে পরিচালিত হয় এবং ব্যাংক ও উক্ত হিসাবসমূহের গ্রাহক প্রতিষ্ঠানের মধ্যে সম্পাদিত চুক্তির শর্তানুযায়ী একটি নির্দিষ্ট সময় পর পর এসএনডি হিসাব হতে অন্য হিসাবে তহবিল স্থানান্তর করা হয়/পেমেন্ট ইনস্ট্রাকশন অনুযায়ী পেমেন্ট করা হয় শুধুমাত্র সেসব এসএনডি হিসাবে প্রতিটি লেনদেনের জন্য পৃথক নোটিশ ছাড়া চুক্তি অনুযায়ী একটি নির্দিষ্ট সময় পর পর (কমপক্ষে ৭দিন) এসএনডি হিসাব হতে অন্য হিসাবে তহবিল স্থানান্তর/পেমেন্ট করা যাবে। এক্ষেত্রে বিধি মোতাবেক মুনাফা প্রদান করা যাবে।

উল্লেখ্য যে, প্রধান কার্যালয় পরিপত্র নং-২৪ তারিখ ২২ জুন, ২০০৮ এবং প্রধান কার্যালয় পরিপত্র নং-১৯৯ তারিখ ০৪ আগস্ট, ২০১০ এর অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

এমতাবস্থায়, Special Notice Deposit (SND) হিসাব পরিচালনা সংক্রান্ত উপরোক্ত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে কর্তৃপক্ষীয় অনুমোদনক্রমে অনুরোধ জানানো হলো।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-
(মোঃ ছায়েদুর রহমান)
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার
ফোন : ৯৫৫৬৬০৮

স্বাঃ/-
(মোঃ আবদুল কাদির খান)
ডেপুটি জেনারেল ম্যানেজার
ফোন : ৯৫৫০৮৫৯